# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## Weekly Current Affairs – 13th – 19th May' 2025

### জাতীয় ঘটনাবলি

1. পহেলগাঁও জঙ্গি হামলার পরিপ্রেক্ষিতে ভারতীয় প্রতিরক্ষা বাহিনী লঞ্চ করে অপারেশন সিঁদুর। এর মাধ্যমে পাকিস্তানের জঙ্গি ঘাঁটি গুলিকে ধ্বংস করে ভারতীয় সেনাবাহিনী। দেশের জাতীয় ঐক্য ও অপারেশন সিঁদুরের সফলতা আন্তর্জাতিক মঞ্চে তুলে ধরতে সাত জনের একটি প্রতিনিধি দল ঘোষণা করেছে কেন্দ্রীয় সরকার। রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের সদস্য দেশগুলিতে ভারতের হয়ে বার্তা নিয়ে যাবে এই দল। আমেরিকা, ব্রিটেন, দক্ষিণ আফ্রিকা, কাতার, সংযুক্ত আরব আমিরশাহির মতো দেশে যাবেন তাঁরা। এই প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন শশী থারুর।
2. রাজ্য মন্ত্রিসভার অনুমোদন অনুসারে বিহারের গয়া শহরের নামকরণ করা হবে "গয়াজি"। নতুন নামটি স্থানীয় অনুভূতি এবং স্থানটির ধর্মীয় তাৎপর্যকে প্রতিফলিত করবে।
3. উত্তরপ্রদেশের লখনউতে BrahMos Aerospace Testing Facility সেন্টারের উদ্বোধন করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।
4. সম্প্রতি পশ্চিমবঙ্গে 'তিস্তা প্রহার' নামে একটি প্রতিরক্ষা মহড়া পরিচালনা করল ভারতীয় সেনাবাহিনী।
5. মহারাষ্ট্রের কালাম্বোলিতে ভারতের দীর্ঘতম Rail Flyover Girder চালু করল DFCCIL.
6. জনসচেতনতা বৃদ্ধি এবং রেলওয়ে যাত্রীদের নিরাপত্তা প্রচারের জন্য বিখ্যাত কার্টুন চরিত্র "ছোটা ভীম"-এর সাথে পার্টনারশিপ করল Western Railway.
7. প্রথম রাজ্য হিসেবে জাহাজ নির্মাণ, মেরামত এবং পুনর্ব্যবহার সংক্রান্ত নীতি চালু করল মহারাষ্ট্র।
8. ভারতের সাংস্কৃতিক ঐতিহ্য প্রচারের জন্য ভারত বোধ কেন্দ্র উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খট্টর।
9. 2nd Tri-Service Future Warfare Course 2025 অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে।
10. সম্প্রতি One District One Product (ODOP) প্রকল্পে 12টি নতুন পণ্য যোগ করলো উত্তরপ্রদেশ সরকার; বর্তমানে মোট পণ্যের সংখ্যা 74টি।
11. ভারতের প্রথম হাইড্রোজেন ট্রাক চালু করল Adani Group. প্রায় 40 টন মালবহনকারী এই ট্রাক উদ্বোধন করলেন ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই।
12. ভারতের প্রথম Beggar-Free City হিসেবে ঘোষিত হল মধ্যপ্রদেশের ইন্দোর।
13. ভারতে ক্যাম্পাস স্থাপনের জন্য UGC অনুমোদন পাওয়া প্রথম মার্কিন বিশ্ববিদ্যালয় হল Illinois Institute of Technology. 2026 সালে মুম্বাইতে ক্যাম্পাস নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে এই বিশ্ববিদ্যালয়।
14. গুজরাটের GIFT City -তে Middle East and Africa (MEA) অঞ্চলের প্রথম ব্যাঙ্ক হিসেবে ব্রাঞ্চ খুলল Qatar National Bank (QNB).
15. 23 সেপ্টেম্বর তারিখটিকে আয়ুর্বেদ দিবস হিসেবে পালন করার সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে ঘোষণা করল ভারত সরকার। 2025 সাল থেকে প্রতি বছর এই দিনটি পালিত হবে।
16. India Inclusive Summit 2025 অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে।
17. 6G পেটেন্ট ফাইল করা দেশ হিসাবে বিশ্বব্যাপী ভারতের স্থান ষষ্ঠ।
18. অন্ধ্রপ্রদেশের অনন্তপুর জেলার বেথাপাল্লে গ্রামে ভারতের বৃহত্তম Renewable Energy Complex তৈরি করবে করবে ReNew Power. এর জন্য প্রায় 22 হাজার কোটি টাকা বিনিয়োগ করেছে কোম্পানি।

### আন্তর্জাতিক ঘটনাবলি

1. World Bank Land Conference 2025 অনুষ্ঠিত হল আমেরিকার ওয়াশিংটন ডিসিতে।
2. প্রথম দেশ হিসেবে National-Level Cryptocurrency Tourism Payment System চালু করল ভুটান।
3. জাতিসংঘের বন বিষয়ক ফোরামের 20তম অধিবেশন অনুষ্ঠিত হল নিউইয়র্কে। (জাতিসংঘের সদর দপ্তর নিউইয়র্কে অবস্থিত)।
4. বিশ্বের প্রথম Commercial-Scale e-Methanol Plant নির্মিত হল ডেনমার্কে।
5. 4th RIMES (Regional Integrated Multi-Hazard Early Warning System) Ministerial Conference অনুষ্ঠিত হল শ্রীলঙ্কার কলম্বোতে। 2009 সালে এই সংস্থা স্থাপিত হয় এবং জাতিসংঘ কর্তৃক বিধিবদ্ধ সংস্থা এটি।

EduTOUCH - 9123648141

## নিয়োগ

1. UPSC-এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হলেন প্রাক্তন প্রতিরক্ষা সচিব অজয় কুমার। 1985 সালের কেরালা ক্যাডারের এই IAS অফিসার, অগ্নিবীর এবং প্রতিরক্ষা কর্মীদের প্রধান পদ তৈরি বিষয়ক বিভিন্ন নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। (তিনি পূর্ববর্তী চেয়ারম্যান প্রীতি সুদানের স্থলাভিষিক্ত হবেন।)
2. National Legal Services Authority (NALSA) -এর Executive Chairman হিসেবে সুপ্রিম কোর্টের বিচারপতি শ্রী সূর্য কান্তকে মনোনীত করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।
3. তেলেঙ্গানার Chief Information Commissioner হিসেবে শপথ গ্রহণ করলেন প্রাক্তন ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস অফিসার ড. জি চন্দ্রশেখর রেডি।
4. ওয়াশিংটন ডিসির অন্তর্বর্তীকালীন মার্কিন অ্যাটর্নি হিসেবে নিযুক্ত হলেন Jeanine Pirro.
5. কানাডার নতুন পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভূত অনিতা আনন্দ। (সম্প্রতি কানাডা নতুন প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হয়েছেন Mark Carney).
6. Kuhoo Finance-এর Chief Financial Officer হিসেবে নিযুক্ত হলেন বিনীত মহাজন।
7. Bandhan Bank-এর Senior Executive Vice President এবং Digital Transformation and Excellence Unit-এর প্রধান হিসেবে নিযুক্ত হয়েছেন দিব্যেন্দু কুমার দাস।
8. ব্রাজিলে অনুষ্ঠিত COP-30-তে দক্ষিণ এশিয়ার দূত হিসেবে নিযুক্ত হলেন অরুণাভ ঘোষ।
9. BRICS Chamber of Commerce & Industry (CCI)-এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হলেন বিশিষ্ট ভারতীয় আইনজীবী হরবংশ চাওলা।
10. Solar Energy Corporation of India (SECI) -এর CMD হিসেবে অতিরিক্ত দায়িত্ব গ্রহণ করলেন সন্তোষ কুমার সারঙ্গী।
11. Marylebone Cricket Club (MCC)-এর পরবর্তী প্রেসিডেন্ট হিসেবে নিযুক্ত হয়েছেন ইংল্যান্ডের প্রাক্তন নির্বাচক এবং ক্রিকেটার Ed Smith.
12. NTPC Green Energy Limited-এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন সরিত মহেশ্বরী।

## পুরস্কার

1. 2025 World Food Prize জিতলেন ব্রাজিলিয়ান বিজ্ঞানী Mariangela Hungria.জৈবিক নাইট্রোজেন স্থিরকরণে অসাধারণ বৈজ্ঞানিক অগ্রগতির জন্য, গ্রীষ্মমন্ডলীয় কৃষির জন্য মাটির স্বাস্থ্য এবং ফসলের পুষ্টির স্থায়িত্বকে রূপান্তরিত করার জন্য তিনি এই পুরস্কার পেলেন।
2. টেরিটোরিয়াল আর্মিতে সম্মানসূচক লেফটেন্যান্ট কর্নেল পদমর্যাদায় ভূষিত হলেন ভারতের জ্যাভেলিন থ্রোয়ার নীরজ চোপড়া।
3. প্রথম ভারতীয় আইনজীবী হিসেবে World Jurist Association কর্তৃক 'Medal of Honour' সম্মানে সম্মানিত হলেন ভুবন রিভু।
4. World Bank Land Conference 2025 -এ 'Country Champion' হিসেবে সম্মানিত হল ভারত।

## দিন/থিম

1. 8 মে তারিখটিকে Victory Day হিসেবে পালনের সিদ্ধান্ত ঘোষণা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
2. আন্তর্জাতিক পরিবার দিবস পালন করা হয় 15 মে; 2025 থিম- "Family-Oriented Policies for Sustainable Development: Towards the Second World Summit for Social Development 2025".
3. প্রতিবছর 16 May দিনটি National Dengue Day হিসেবে পালিত হয়। 2025 থিম- Act early, stop dengue: clean environment, healthy life.
4. 1975 সালে ভারতের 22তম রাজ্য হিসেবে সিকিম গঠনের স্মরণে 16 মে সিকিম রাজ্য দিবস পালিত হয়। (1975 সালে ভারতের সংবিধানের 36তম সংশোধনীর মাধ্যমে সিকিম রাজ্য গঠিত হয়েছিল, সিকিমের রাজধানী- গ্যাংটক। বর্তমান মুখ্যমন্ত্রী-প্রেম সিং তামাং। রাজ্যপাল- ওম প্রকাশ মাথুর।)
5. বিশ্ব টেলিযোগাযোগ দিবস পালন করা হয় 17 মে; 2025 থিম- "Gender Equality in Digital Transformation".
6. আন্তর্জাতিক মিউজিয়াম দিবস পালন করা হয় 18 মে; 2025 থিম- "The Future of Museums in Rapidly Changing Communities".

EDUTOUCH-9123648141

## খেলাধুলা

1. চীনের সাংহাইতে অনুষ্ঠিত Archery World Cup 2025 Stage 2 -এ মোট 7 টি পদক জিতেছে ভারত। পদক তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। Archery World World Cup 2025 Stage 2-এ ব্রোঞ্জ পদক জিতলেন ভারতের দীপিকা কুমারী।
2. চীনের জিয়াংশানে অনুষ্ঠিত Asian Weightlifting Championships -এ চতুর্থ স্থান অর্জন করেছেন ভারতের নিরুপমা দেবী।
3. Americas Open-এ পঞ্চমবার LPGA Tour শিরোপা জিতলেন থাইল্যান্ডের খেলোয়াড় Jeeno Thitikul.
4. ISSF Shotgun World Cup 2025 প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক জিতলেন ভারতীয় শ্যুটার কাইনান চেনাই এবং সাবিরা হারিস।
5. 2025 এপ্রিল মাসে ICC Men's Player of the Month Award জিতলেন বাংলাদেশের মেহেদী হাসান ও ICC Women's Player of the Month Award জিতলেন স্কটল্যান্ডের মহিলা ক্রিকেট দলের অধিনায়ক Kathryn Bryce.
6. মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে ভারতীয় ক্রিকেটার রোহিত শর্মার নামে একটি স্ট্যান্ড উদ্বোধন করা হল।
7. 2025 Doha Diamond League-এ পুরুষদের জ্যাভলিন থ্রো ইভেন্টে দ্বিতীয় স্থান অর্জন করলেন ভারতীয় জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।
8. Superbet Chess Classic Romania 2025 -এ প্রথমবার Grand Chess Tour টাইটেল জিতলেন 18 বছর বয়সী গ্র্যান্ডমাস্টার আর প্রজ্ঞানান্ধা।
9. Khelo India Youth Games 2025 পদক তালিকায় শীর্ষে রয়েছে মহারাষ্ট্র। মোট 158 টি পদক জিতেছে,এর মধ্যে 58 টি সোনা, 47 টি রুপো এবং 53 টি ব্রোঞ্জ পদক রয়েছে।

## প্রকল্প/ পরিষেবা

1. Pradhan Mantri Formalisation of Micro Food Processing Enterprises (PMFME) প্রকল্প সফলভাবে বাস্তবায়নকারী প্রথম রাজ্য হল বিহার।
2. স্কুলছুটদের শিক্ষা ব্যবস্থায় পুনঃসংযুক্ত করতে 'Nayi Disha' নামক উদ্যোগ চালু করল দিল্লী পুলিশ।
3. শিশুদের অপুষ্টি নিয়ন্ত্রণে "Mukhyamantri Suposhan Abhiyan" শুরু করল উত্তর প্রদেশ রাজ্য সরকার।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. সম্প্রতি SBI কে 1.72 কোটি টাকা জরিমানা করল RBI. ঋণ এবং অগ্রিম সংবিধিবদ্ধ এবং অন্যান্য বিধিনিষেধ,গ্রাহক সুরক্ষা-অননুমোদিত ইলেকট্রনিক ব্যাংকিং লেনদেনে গ্রাহকদের দায়বদ্ধতা সীমিত করা এবং ব্যাংক কর্তৃক চলতি অ্যাকাউন্ট খোলা - শৃঙ্খলার প্রয়োজন সম্পর্কিত নির্দেশিকা লঙ্ঘনের জন্য ভারতীয় স্টেট ব্যাঙ্ককে এই জরিমানা করা হয়েছে।
2. মোট লাভের নিরিখে তৃতীয় ভারতীয় কোম্পানি হিসাবে Global Top 100 Firms তালিকায় স্থান পেল ভারতীয় ব্যাংক SBI.
3. 2024 সালের রিপোর্ট অনুযায়ী বিশ্বব্যাপী বায়ু ও সৌর বিদ্যুৎ উৎপাদনকারী তৃতীয় বৃহত্তম দেশ হল ভারত।
4. পলিসি হোল্ডারদের জন্য WhatsApp-Based Premium Payment Facility চালু করল ভারতীয় বীমা সংস্থা LIC.
5. Fixed Income Money Market and Derivatives Association of India (FIMMDA)-কে Self-Regulatory Organisation (SRO) হিসেবে স্বীকৃতি দিল RBI.
6. IND SECURE এবং IND GREEN নামে দুটি নতুন ফিক্সড ডিপোজিট স্কিম চালু করল Indian Bank.
7. ভারতে স্যাটেলাইট ইন্টারনেট পরিষেবা চালু করার অনুমোদন পেল ইলন মাস্কের সংস্থা Starlink.

## বই ও লেখক

1. "India@2047: Leading the Global Economic Order" শিরোনামে বই লিখলেন এসপি শর্মা।
2. হরিয়ানার রাজ্যপাল বন্দারু দত্তত্রেয় রচিত "Janata Ki Kahani - Meri Atmakatha" শিরোনামে আত্মজীবনীমূলক পুস্তক লঞ্চ করলেন বর্তমান উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর।

EDUTOUCH - 9123648141

## বিবিধ

1. 2045 সালের মধ্যে তাঁর সম্পদের 99% দানমূলক কার্যক্রমে প্রদান করবেন বলে সিদ্ধান্ত ঘোষণা করলেন মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা বিল গেটস।
2. পরিবেশ সংরক্ষণে বিশেষ অবদানকারী ব্যক্তিদের 10 বছরের জন্য থাকার সুযোগ করে দিতে Blue Residency Visa চালু করল সংযুক্ত আরব আমিরাত।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 89 বছর বয়সে মারা গেলেন উরুগুয়ের প্রাক্তন রাষ্ট্রপতি Jose Mujica.
2. সম্প্রতি 92 বছর বয়সে প্রয়াত হলেন তিনবারের অস্কারজয়ী চলচ্চিত্র নির্মাতা Benton Robert.

EDUTOUCH - 9123648141